

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন,
৫, কাওরানবাজার, ঢাকা-২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৪.১৯. ২২


তারিখঃ ১৩/০২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার বিরুদ্ধে আনীত নিম্নোক্ত অভিযোগসমূহ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছেঃ

১. বিভিন্ন খাতের ২৫৩৭১৮৩.০০ টাকা আত্মসাৎসহ সর্বমোট ২৯,৩৬,২৩১.০০ টাকা আর্থিক অনিয়মের সাথে সরাসরি সম্পৃক্ত;
২. ০৬ টি সমিতিতে অনিয়মতান্ত্রিকভাবে বিতরণকৃত ১৯.১৫ লক্ষ টাকার মধ্যে ১১.০০ লক্ষ টাকা আত্মসাৎের উদ্দেশ্যে গ্রহণ ;
৩. ০২টি সমিতিতে (মালঞ্চি দক্ষিণপাড়া ও করিমপুর মধ্যপাড়া) পেপার ট্রান্সজেকশনের মাধ্যমে যথাক্রমে ১.৯০ ও ১.৬৮ লক্ষ টাকা বিতরণ দেখানো হলেও চেক ইস্যু রেজিস্ট্রারে গ্রহণকারীর কোন স্বাক্ষর না থাকায় প্রতীয়মান হয় আপনি আত্মসাৎের উদ্দেশ্যে এ কাজ করেছেন;
৪. বিগত ০১/০৭/২০১৯ খ্রিঃ হতে ২৫/১১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বিভিন্ন সমিতির ১২ জন সদস্যের বিপরীতে মোট ৩৯৯০৪৮.০০ টাকা আত্মসাৎের উদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অনিয়মতান্ত্রিকভাবে সফটওয়্যারে কু-ঋণ তহবিল হতে সমন্বয়;
৫. কর্মসূচির নীতিমালা অনুযায়ী জুলাই/১৮ খ্রিঃ মাস থেকে কর্মকর্তা/কর্মচারী কমিশন নেয়ার কোন সুযোগ না থাকা সত্ত্বেও বিগত ০২/০৭/২০১৯ খ্রিঃ তারিখে বেতনভাতা অ্যাকাউন্ট হতে কর্মচারী কমিশনের নামে মোট ৯০,৯৮৫.০০ টাকা ব্যক্তিগত অ্যাকাউন্ট এ অনিয়মতান্ত্রিকভাবে স্থানান্তর ;
৬. কর্মসূচির নীতিমালা অনুযায়ী জুলাই/১৮ খ্রিঃ মাস থেকে ম্যানেজার কমিশন প্রদানের সুযোগ না থাকা সত্ত্বেও ঋণ ও বেতনভাতা অ্যাকাউন্ট হতে ম্যানেজার কমিশন বাবদ মোট ২,৯৪,৭৮০.০০ টাকা অনিয়মতান্ত্রিকভাবে উত্তোলন করে ;
৭. অনিয়মতান্ত্রিকভাবে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় তহবিল এর ১,৩৭,৫৯৮.০০ টাকা উত্তোলন করে আত্মসাৎ;
৮. জুলাই'১৯ হতে নভেম্বর'১৯ পর্যন্ত কর্মসূচির বাজেট বহির্ভূত আনুসঙ্গিক ব্যয় খাতে অনিয়মতান্ত্রিকভাবে সর্বমোট ০.৮১ লক্ষ টাকা উত্তোলন করে আত্মসাৎ;
৯. অনিয়মতান্ত্রিকভাবে বিতরণের/আত্মসাৎের উদ্দেশ্যে সুফলভোগীদের জমাকৃত সঞ্চয়ের ২টি স্থায়ী আমানত এর মোট ২৮.১৭ লক্ষ টাকা উপপরিচালকের অনুমোদনক্রমে নগদায়ন;

এমতাবস্থায়, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় কেন আপনাকে কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১৫(পনের) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

জনাব জুলফিকার আলী
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, বাঘারপাড়া, যশোর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বাঘারপাড়া জেলাঃ যশোর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৪. ব্যক্তিগত/সংশ্লিষ্ট নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব।